

কি সুন্দর

ধীর সমীরে, চঞ্চল নীরে,
খেলে যবে মন্দ হিলোল,-
বিপলিত-কাঞ্চন-সম্মিত শশধর,
জলমাঝে খেলে মৃদু দোল;-
যবে, কনকপ্রভাতে, নবরবি সাথে,
জাগে সুযুগ্ত ধরা,-
পরিমল-পুরিত কুসুমিত কাননে,
পাখী গাহে সুমধুর বোল;-
যবে, শ্যামল শস্যে, বিস্তৃত প্রান্তর
রাজে, মোহিয়া মন প্রাণ,-
সান্ধ্য-সমীরণ-চুষিত-চঞ্চল,
শীত-শিশির করে পান;
কোটি নয়ন দেহ, কোটি শবণ, প্রভু,
দেহ মোরে কোটি সুকণ্ঠ,-
হেরিতে মোহন ছবি, শূনিতে সে সঞ্জীত
তুলিতে তোমারি যশরোল!